

ইউজার

০০৬

তারিখ... ২৪/৪/৭৭...
পৃষ্ঠা... ২... কলাম... ৭...

শিক্ষা বিভাগ

সমীপে

সম্প্রতি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণপ্রাপ্ত এইচ, এস, সি বা স্নাতক পাস শিক্ষকদের যথাক্রমে দুইটি এবং ৪টি ইনক্রিমেন্ট দেওয়ার জন্য থানা শিক্ষা অফিসারকে নির্দেশ দেওয়া হইয়াছে। এবং তাহাদের বকেয়া পাওনার বিলও করা হইতেছে। অথচ প্রশিক্ষণপ্রাপ্ত এম এম (টাইটেল) পাস শিক্ষকগণ উক্ত সুবিধা হইতে বঞ্চিত হইতেছে। কারণ ইনক্রিমেন্ট দেওয়ার উক্ত নির্দেশে তাহাদেরকে বাদ দেওয়া হইয়াছে। কিন্তু এফ এমকে এসএসসি এবং এমএমকে এইচএসসি সমমান ধরা হয়। এবং সেই হিসাবে তাহারা বিভিন্ন ক্ষেত্রে চাকুরীও পাইতেছেন। এমনকি মাধ্যমিক বিদ্যালয় এবং বিভিন্ন মাদ্রাসায় এমএম শিক্ষকগণ এইচএসসি শিক্ষকের সমান সরকারী ভাতাও পাইতেছেন। কিন্তু প্রাথমিক বিদ্যালয়ে কেন এই সিদ্ধান্ত গৃহীত

হইল উহা আমাদের নিকট বোধগম্য নহে।

এমতাবস্থায় বিষয়টি সুবিবেচনার জন্য উৎসাহিত কত পক্ষের কৃপাদৃষ্টি আকর্ষণ করিতেছি।
মওলানা হাসান মিয়া,
কোলা সরকারী প্রাথমিক বিদ্যালয়, সিরাজদিখান, ঢাকা।